গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৯২/২০১৯-২০২০
ঢাকা ২২ মার্চ রোববার ২০২০, ৮ চৈত্র ১৪২৬

১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ : স্বাধীনতা দিবসের কর্মসূচি বাতিল
২। মুজিববর্ষে সংসদের বিশেষ অধিবেশন স্থগিত
৩। ঢাকা-১০ আসনের উপ-নির্বাচনে ভোট প্রদানকালে প্রধানমন্ত্রী
করোনাভাইরাস আতঙ্কে অতিরিক্ত পণ্য কিনে মজুত না করার আহ্বান
৪। করোনাভাইরাসে দেশে আরও একজনের মৃত্যু, আক্রান্ত বেড়ে ২৪ : সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী
৫। ১০ দেশের সঙ্গে বিমান চলাচল বন্ধ
করোনাভাইরাস টেস্টিং কিট শীঘ্রই আসছে : সংবাদসম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী
৬। করোনার গুজবে কান দিয়ে আতঙ্কিত হবেন না : সেতুমন্ত্রী
৭। করোনাভাইরাসের কারণে এ মুহূর্তে কারখানা বন্ধ নয় : ত্রিপক্ষীয় বৈঠকে শ্রম প্রতিমন্ত্রী
৮। প্রযুক্তির মাধ্যমে করোনার প্রভাব মোকাবিলার কথা বললেন আইসিটি প্রতিমন্ত্রী
৯। ঢাকা-১০, গাইবান্ধা-৩ এবং বাগেরহাট-৪ আসনের উপনির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী বিজয়ী
১০। করোনাভাইরাসের প্রাদুর্ভাবে চট্টগ্রাম সিটিসহ সব নির্বাচন স্থগিত
১১। প্রয়োজনে বাংলাদেশে জরুরি অবস্থা জারির পরামর্শ ডব্লিউএইচও'র
১২। করোনা মোকাবিলায় বাংলাদেশকে সহায়তা দেবে এডিবি
১৩। করোনাভাইরাস প্রতিরোধে বাংলাদেশকে সরঞ্জাম দেবেন জ্যাক মা
১৪। সবাই মিলে রক্ষা করতে হবে বনজসম্পদ : পরিবেশমন্ত্রী
১৫। ঢাকার স্যানিটেশন উন্নয়নে বিশ্বব্যাংকের ১৭ কোটি ডলার ঋণ অনুমোদন
১৬। বিশ্ব পানি দিবস আজ

১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ : স্বাধীনতা দিবসের কর্মসূচি বাতিল

দেশে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা বাড়তে থাকায় জনস্বাস্থ্যের কথা বিবেচনায় সরকার স্বাধীনতা দিবসের অনুষ্ঠান বাতিল করেছে। গতকাল (২১ মার্চ শনিবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার মধ্যে বৈঠকে এ সিদ্ধান্ত হয়। তাদের সিদ্ধান্ত অনুসারে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন এবং বঙ্গভবনে সংবর্ধনা অনুষ্ঠান বাতিল করা হয়েছে। এছাড়া স্থগিত করা হয়েছে স্বাধীনতা পদক বিতরণ অনুষ্ঠান। বিকেল ৫টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাতে বঙ্গভবনে যান। বঙ্গভবনের বৈঠকে প্রধানমন্ত্রী করোনাভাইরাস মোকাবিলায় সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। উভয় নেতা দেশের জনগণকে এমন পরিস্থিতিতে আতঙ্কিত না হয়ে সচেতন হওয়ার আহ্বান জানিয়েছেন। বঙ্গভবনে পৌঁছে প্রধানমন্ত্রী রাষ্ট্রপতিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। রাষ্ট্রপতিও প্রধানমন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা জানান। এ সময় তাঁরা পরস্পরের স্বাস্থ্যের খোঁজখবর নেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

২। মুজিববর্ষে সংসদের বিশেষ অধিবেশন স্থগিত

করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে মুজিববর্ষ উপলক্ষে ডাকা সংসদের বিশেষ অধিবেশন স্থগিত করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। দু'দিনের এ অধিবেশন আজ ২২ মার্চ রোববার বেলা ১১টায় শুরু হওয়ার কথা ছিল। গতকাল (২১ মার্চ শনিবার) সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

৩। ঢাকা-১০ আসনের উপ-নির্বাচনে ভোট প্রদানকালে প্রধানমন্ত্রী
করোনাভাইরাস আতঙ্কে অতিরিক্ত পণ্য কিনে মজুত না করার আহ্বান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রাণঘাতী করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সবাইকে বাইরে ঘোরাঘুরি না করে যতটা সম্ভব ঘরে থাকার পরামর্শ দিয়ে বলেছেন, নিজেকে, পরিবার ও সাধারণ মানুষকে সুরক্ষিত রাখুন। অযথা আতঙ্কিত হয়ে অতিরিক্ত পণ্য কিনে মজুদ রাখা থেকে বিরত থাকতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। গতকাল (২১ মার্চ শনিবার) ঢাকা-১০ আসনে জাতীয় সংসদ উপ-নির্বাচনে ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট প্রদানের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৪। করোনাভাইরাসে দেশে আরও একজনের মৃত্যু, আক্রান্ত বেড়ে ২৪ : সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী

করোনাভাইরাসে দেশে আরও একজনের মৃত্যু হয়েছে। সত্তর বছরের বেশি বয়সী ঐ ব্যক্তি বিদেশফেরত এক স্বজনের মাধ্যমে সংক্রমিত হয়েছিলেন। এছাড়া তিনি নানা শারীরিক জটিলতায় ভুগছিলেন। একইসঙ্গে নতুন করে আরও চার আক্রান্ত ব্যক্তি শনাক্ত হয়েছেন। আক্রান্তের সংখ্যা বেড়ে ২৪ জনে দাঁড়িয়েছে। গতকাল (২১ মার্চ শনিবার) স্বাস্থ্য অধিদপ্তরের সম্মেলনকক্ষে করোনা মোকাবিলায় জাতীয় কমিটির বৈঠক শেষে অনুষ্ঠিত সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এসব তথ্য জানান। স্বাস্থ্যমন্ত্রী বলেন, কোয়ারেন্টাইন ও আইসোলেশনে রাখা ব্যক্তিদের বিষয়ে তিনি বলেন, বর্তমানে ৫০ জনকে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। এছাড়া ৩০ ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করে আইসোলেশনে রাখা হয়েছে। বিদেশফেরত ব্যক্তিদের বিষয়ে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, ১ মার্চের পর বিদেশ থেকে যে ব্যক্তিরা ফিরেছেন, তাদের তালিকা ও তথ্য বিমানবন্দর ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে নেওয়া হয়েছে। সে তালিকা সারা দেশে পাঠিয়ে দেওয়া হয়েছে। অনেকে আত্মগোপন করে আছেন। তাদের খুঁজে বের করে কোয়ারেন্টাইনে নেওয়া হবে। কেউ যেতে না চাইলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৫। ১০ দেশের সঙ্গে বিমান চলাচল বন্ধ
করোনাভাইরাস টেস্টিং কিট শীঘ্রই আসছে : সংবাদসম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী

করোনা সংক্রমণের কারণে ১০টি গন্তব্য থেকে ঢাকায় যাত্রীবাহী বিমান চলাচল বন্ধ ঘোষণা করেছে বাংলাদেশ সরকার। গন্তব্য ১০টি হচ্ছে- কাতার, বাহরাইন, কুয়েত, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, তুরস্ক, মালয়েশিয়া, ওমান, সিঙ্গাপুর ও ভারত। তবে যুক্তরাজ্য, চীন, হংকং ও থাইল্যান্ড রুটে বিমান চলাচল অব্যাহত থাকবে। গতকাল (২১ মার্চ শনিবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এক সংবাদসম্মেলনে এ সিদ্ধান্তের কথা জানান পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেন, বাংলাদেশে যারা করোনাভাইরাসের সংক্রমণের শিকার হয়েছেন, তারা বিদেশফেরত লোকজনের সান্নিধ্যে এসে এ দুর্ঘটনায় পড়েছেন। তাই নাগরিকদের সুরক্ষায় ৩১ মার্চ পর্যন্ত ১০টি গন্তব্য থেকে ঢাকার সঙ্গে বিমান চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংবাদসম্মেলনে তিনি আরও জানান, করোনাভাইরাস পরীক্ষার জন্য চীন আরও ১০ হাজার টেস্টিং কিট এবং চিকিৎসকদের জন্য ১০ হাজার সুরক্ষাসামগ্রী বা পিপিই পাঠাচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

৬। করোনার গুজবে কান দিয়ে আতঙ্কিত হবেন না : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের করোনাভাইরাস নিয়ে গুজবে আতঙ্কিত না হয়ে ব্যাধি মোকাবিলায় সতর্ক থাকতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, করোনা আমাদের ভয়ংকর এক শত্রু। তবে এমন কোনো শক্তিশালী নয়, যে তাকে পরাজিত করা যাবে না। আমরা করোনার চেয়ে শক্তিশালী। কাজেই ভয়কে জয় করে এ পরিস্থিতি মোকাবিলা করতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কিন্তু এ আতঙ্কের মধ্যেও সকালে ধানমন্ডিতে ভোট দিতে আসেন। তাই আতঙ্কিত না হয়ে সবাইকে এ ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দিয়েছেন তিনি। গতকাল (২১ মার্চ শনিবার) ধানমন্ডির আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মাঝে করোনাভাইরাস প্রতিরোধক হিসেবে মাস্ক ও হেক্সিসল বিতরণকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৭। করোনাভাইরাসের কারণে এ মুহূর্তে কারখানা বন্ধ নয় : ত্রিপক্ষীয় বৈঠকে শ্রম প্রতিমন্ত্রী

করোনাভাইরাস মোকাবিলায় পরিস্থিতি বুঝে ব্যবস্থা নেওয়া হবে। কারখানাগুলোর চাকা চলছে, চলবে। এমন মন্তব্য করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মন্নুজান সুফিয়ান। গতকাল (২১ মার্চ শনিবার) রাজধানীর বিজয়নগরে অবস্থিত শ্রম ভবনে সরকার, মালিক ও শ্রমিক এ ত্রিপক্ষীয় বৈঠকে এ তথ্য জানান তিনি। বৈঠক শেষে তিনি সাংবাদিদের বলেন, এ মুহূর্তে কারখানা বন্ধ নয়। তবে সতর্কাবস্থায় কারখানাগুলো খোলা রাখা হবে। শ্রমিকদের নিরাপত্তা বজায় রাখতে হবে। এর জন্য যেসব পদক্ষেপ নেওয়া প্রয়োজন সেসব পদক্ষেপ নিয়ে কারখানা চালাতে হবে। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (পৃ.১৪,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬)।

৮। প্রযুক্তির মাধ্যমে করোনার প্রভাব মোকাবিলার কথা বললেন আইসিটি প্রতিমন্ত্রী

তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক করোনার প্রভাব প্রযুক্তির মাধ্যমে মোকাবিলায় সমন্বিত পরিকল্পনা গ্রহণের ওপর গুরুত্বারোপ করে বলেন, এ পরিস্থিতি দীর্ঘ মেয়াদে চললে দেশের স্বাস্থ্যসেবা, শিক্ষা, খাবার, নিত্যপণ্য সরবরাহ স্বাভাবিক রাখতে প্রযুক্তিকে ব্যাপকভাবে কাজে লাগাতে হবে। গতকাল (২১ মার্চ শনিবার) কারওয়ান বাজারের জনতা টাওয়ারে করোনা পরিস্থিতি প্রযুক্তির মাধ্যমে কীভাবে মোকাবিলা করা যায়, সে বিষয়ে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগ কর্তৃক আয়োজিত ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাংবাদিকদের সঙ্গে উন্মুক্ত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.৭), **সমকাল** (পৃ.৫,ক.৭)।

৯। ঢাকা-১০, গাইবান্ধা-৩ এবং বাগেরহাট-৪ আসনের উপনির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী বিজয়ী

ঢাকা-১০, গাইবান্ধা-৩ এবং বাগেরহাট-৪ আসনের উপনির্বাচন সম্পন্ন হয়েছে। গতকাল (২১ মার্চ শনিবার) সকাল ৯ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ঐ তিনটি সংসদীয় আসনে ভোট অনুষ্ঠিত হয়। এর মধ্যে ঢাকা-১০ আসনে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) ভোট হলেও বাকি দু'টি আসনে ভোট হয় ব্যালটে। ঢাকা-১০, গাইবান্ধা-৩ এবং বাগেরহাট-৪ আসনের উপনির্বাচনে বিজয়ী হয়েছেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থীরা। বিজয়ীরা হলেন ঢাকা-১০ আসনে ব্যবসায়ী শফিউল ইসলাম মহিউদ্দীন, গাইবান্ধা-৩ আসনে কৃষক লীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট উম্মে কুলসুম স্মৃতি এবং বাগেরহাট-৪ আসনে আমিরুল আলম মিলন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), সমকাল (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

১০। করোনাভাইরাসের প্রাদুর্ভাবে চট্টগ্রাম সিটিসহ সব নির্বাচন স্থগিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ জাতীয় ও স্থানীয় সরকারের সব ধরনের নির্বাচন অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। দেশে করোনাভাইরাসের প্রাদুর্ভাব ছড়িয়ে পড়ার আশঙ্কায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতকাল (২১ মার্চ শনিবার) নির্বাচন ভবনে অনুষ্ঠিত কমিশনের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সূত্র- **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

১১। প্রয়োজনে বাংলাদেশে জরুরি অবস্থা জারির পরামর্শ ডব্লিউএইচও'র

বাংলাদেশে করোনাভাইরাসের সংক্রমণ এড়াতে প্রয়োজনে জরুরি অবস্থা জারির পরামর্শ দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। একইসঙ্গে পরিস্থিতি পর্যবেক্ষণ করে কোনো কোনো শহর লকডাউন করা যেতে পারে বলে জানিয়েছে তারা। গতকাল (২১ মার্চ শনিবার) নিজ বাসভবনে বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠক শেষে গণমাধ্যমকর্মীদের এসব তথ্য জানান ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের বিদায়ি মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

১২। করোনা মোকাবিলায় বাংলাদেশকে সহায়তা দেবে এডিবি

বাংলাদেশে করোনাভাইরাসের (কোভিড-১৯) মহামারি প্রতিরোধে সহায়তা করবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সঙ্গে বৈঠক শেষে গতকাল (২১ মার্চ শনিবার) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এডিবির কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশ এ সহায়তার কথা জানান। **সূত্র-ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬) **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

১৩। করোনাভাইরাস প্রতিরোধে বাংলাদেশকে সরঞ্জাম দেবেন জ্যাক মা

করোনাভাইরাস প্রতিরোধে বাংলাদেশসহ কয়েকটি দেশে মাস্ক, টেস্ট কিট আর নিরাপত্তা পোশাক অনুদান দেওয়ার ঘোষণা দিয়েছেন চীনের অনলাইনভিত্তিক খুচরা পণ্য বিক্রির প্রতিষ্ঠান আলিবাবার প্রতিষ্ঠাতা জ্যাক মা। গতকাল (২১ মার্চ শনিবার) নিজের ভেরিফাইড টুইটার অ্যাকাউন্টে তিনি এ ঘোষণা দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.৭,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

১৪। সবাই মিলে রক্ষা করতে হবে বনজসম্পদ : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী মো. শাহাব উদ্দিন বলেছেন, প্রতি বছর পৃথিবীতে ১৩ মিলিয়ন হেক্টর বন ধ্বংস হচ্ছে। ফলে প্রকৃতির ওপর বিরূপ প্রভাব পড়ছে। অথচ গাছ থেকে জীবনের জন্য অপরিহার্য অক্সিজেনসহ বিভিন্ন ধরনের সুফল পাওয়া যায়। সময় এসেছে নিজেদের বেঁচে থাকার স্বার্থেই প্রকৃতির সবুজ বন-বনানী রক্ষায় একযোগে কাজ করার। এ লক্ষে গ্রামীণ জনগণকে সম্পৃক্ত করে সামাজিক বনায়নের মাধ্যমে বনজসম্পদ বৃদ্ধিতে সরকার আন্তরিকভাবে কাজ করছে। গতকাল (২১ মার্চ শনিবার) রাজধানীর আগারগাঁওয়ে আন্তর্জাতিক বন দিবস-২০২০ উপলক্ষে আয়োজিত এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

১৫। ঢাকার স্যানিটেশন উন্নয়নে বিশ্বব্যাংকের ১৭ কোটি ডলার ঋণ অনুমোদন

রাজধানী ঢাকার স্যানিটেশন বা পরিচ্ছন্নতা সেবা ব্যবস্থা উন্নয়নে ১৭ কোটি ডলারের ঋণ সহায়তা দেবে বিশ্বব্যাংক। গতকাল (২১ মার্চ শনিবার) ওয়াশিংটনে সংস্থার প্রধান কার্যালয় এ ঋণ অনুমোদন করেছে। 'ঢাকার স্যানিটেশন উন্নয়ন প্রকল্প' নামের এ প্রকল্পের মাধ্যমে রাজধানীর দেড় কোটি মানুষ উপকৃত হবে বলে আশা করা হচ্ছে। বিশেষ করে দক্ষিণ ঢাকার বাসযোগ্যতার উন্নয়ন করবে প্রকল্পটি। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

১৬। বিশ্ব পানি দিবস আজ

আজ (২২ মার্চ রোববার) বিশ্ব পানি দিবস। প্রতি বছর ২২ মার্চ সারা বিশ্বে দিবসটি পালিত হয়। অন্যান্য দেশের মতো বাংলাদেশেও পালিত হচ্ছে দিবসটি। দিবসটির এবারের প্রতিপাদ্য ‘পানি এবং জলবায়ু পরিবর্তন’। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** স্মার্ট ফোনের ক্ষতিকর দিকের কথা বিবেচনায় নিয়ে শিশুদের তা ব্যবহার করতে না দেয়ার পরামর্শ।

খ. **সমকাল :** দেশ থেকে গত দেড় যুগে উজাড় হয়ে গেছে পৌনে চার লাখ একরের বেশি বনভূমি, যা মোট বনভূমির প্রায় আট শতাংশ, এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে বনাঞ্চল সুরক্ষায় নজর দেওয়ার সুপরিশ।

গ. **যুগান্তর :** করোনাভাইরাস যেন নিয়ন্ত্রণের বাইরে চলে না যায় সেজন্য বিদেশ ফেরতসহ নানা ব্যক্তিকে দেশজুড়ে হোম কোয়ারেন্টাইনে রাখছে সরকার উল্লেখ করে কোয়ারেন্টাইন মানার ক্ষেত্রে যেন কোনো ধরনের অবহেলা করা না হয় সে ব্যাপারে সচেতনতার আহ্বান।

ঘ. **ভোরের কাগজ, ইনকিলাব, যুগান্তর, যায়যায়দিন :** করোনা ইস্যুতে গত দুইদিনে নিত্য প্রয়োজনীয় পণ্যমূল্যের দাম এক লাফে অনেক বেড়ে গেছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **সংবাদ:** করোনাভাইরাসে পর্যাপ্ত নিরাপত্তা উপকরণ না থাকায় সারা দেশের চিকিৎসা কর্মীদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **অবজারভার, বাংলাদেশ টুডে :** শিল্প কারখানার বর্জ্যে দূষণের কবলে পড়া বুড়িগঙ্গা, তুরাগ, বালু ও শীতলক্ষ্যা দীগুলো সুরক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

উপসম্পদকীয়

বণিক বার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রাণঘাতী করোনাভাইরাসের কারণে সৃষ্ট চলমান আর্থসামাজিক ও মানবিক সংকট থেকে উত্তরণে সারা বিশ্বকে একত্র হয়ে কাজ করতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **‘ডিজিটাল বাংলাদেশে ই-বর্জ্য ব্যবস্থাপনা’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, ই-বর্জ্য পুনর্ব্যবহারে নিরাপদ ও সুষ্ঠু ব্যবস্থাপনা না হলে শুধু পরিবেশ নয়, অর্থনৈতিক ও ব্যবসায়িক দিক থেকেও ক্ষতি হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা